

সংবাদ বিজ্ঞপ্তি

**মহান মুক্তিযুদ্ধে শহিদ বুদ্ধিজীবীদের প্রতি  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পুষ্পস্তবক অর্পণ**



শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আজ সকালে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে শহিদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ। এ সময় শহিদদের স্মরণে তিনি কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। শ্রদ্ধা নিবেদনের সময় ভাইস চ্যান্সেলর এর সাথে আরো উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, ট্রেজারার জনাব এস. এম. এহসান কবীর, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) জনাব ফররুখ আহমদ, পরীক্ষা নিয়ন্ত্রক এ. কে. এম, আক্তারুজ্জামান, পরিচালক অর্থ ও হিসাব মোছাব্বির মোহাম্মদ মুছা, পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন অধ্যাপক ড. মোঃ রফিক আল মামুন, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহমাদ, সহকারী রেজিস্ট্রার জনাব ফাহাদ আহমদ মোমতাজী, সহকারী পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন জনাব মোঃ জিয়াউর রহমানসহ বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। শ্রদ্ধা নিবেদন শেষে মহান মুক্তিযুদ্ধে শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

এর আগে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)  
রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়